

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “The Non-Cadre Gazetted officer and Non-Gazetted Employee (Directorate General of Food) Recruitment Rules, 1983” বিধিমালা অনুসারে খাদ্য অধিদপ্তরের ২৬/১০/২০১৪ তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০৬.১৪.১৫২৩ নং স্মারকে ৩য় শ্রেণির ১৫ ক্যাটাগরির ৫৯৯ টি পদে ও ০৯/০২/২০১৪ তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১২.১৮৭ নং স্মারক এবং ২৫/০৩/২০১৫ তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৪.৪৫৫ নং স্মারকে ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরির ২৭৬ টি পদে কর্মচারী নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। পরবর্তীতে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক সিভিল আপিল নং-৪৮/২০১১ এ প্রদত্ত রায় অনুযায়ী সংবিধান (সপ্তম সংশোধনী) আইন, ১৯৮৬ বাতিল ঘোষিত হওয়ায় উক্ত সময়ের মধ্যে প্রণীত খাদ্য অধিদপ্তরের নিয়োগ বিধি “The Non-cadre Gazetted Officer and Non-Gazetted Employee (Directorate General of Food) Recruitment Rules, 1983 বাতিল হয়ে যায়। এ কারণে খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ৩০/০৫/২০১৬ তারিখের ৫৯২ নং স্মারকে পূর্বোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিসমূহ বাতিল করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল সংক্রান্ত বিজ্ঞপ্তি ০২/০৬/২০১৬ তারিখে ‘দৈনিক ইত্তেফাক’ ও ‘দৈনিক জনকণ্ঠ’ পত্রিকা এবং ০৪/০৬/২০১৬ তারিখে ‘The Daily Star’ পত্রিকায় প্রকাশ করা হয়। পরবর্তীতে ২০১৮ সালে জারীকৃত ‘খাদ্য অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮’ এর আলোকে ৩য় শ্রেণির ১৩ম গ্রেড থেকে ১৬তম গ্রেড (পূর্বতন) ২৩টি ক্যাটাগরির এবং ৪র্থ শ্রেণির ১৯তম গ্রেড (পূর্বতন) ১টি ক্যাটাগরির মোট ২৪টি ক্যাটাগরির ১১৬৬ টি শূন্য পদ পূরণের লক্ষ্যে খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১১/০৭/২০১৮ তারিখের ১২২৯ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। তৎপ্রেক্ষিতে পূর্বের ২০১৪ ও ২০১৫ সনের নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে আবেদনকারী প্রার্থীগণ মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৩১২৯/২০১৯ দায়ের করেন। রিট পিটিশন নং ৩১২৯/২০১৯ এর আলোকে মহামান্য আদালত কর্তৃক ২৭/০৩/২০১৯ তারিখে প্রদত্ত আদেশের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ‘খাদ্য অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮’ এ পদভিত্তিক শিক্ষাগত যোগ্যতা, বয়স, নিয়োগ যোগ্যতা ইত্যাদি বিষয়ে মৌলিক পরিবর্তন হয়েছে। সে কারণে বর্তমান ‘খাদ্য অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮’ এর আওতায় পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তি (বাতিলকৃত) এর প্রেক্ষিতে আবেদনকারী প্রার্থীগণের আবেদন বিবেচনা করার সুযোগ নেই।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

পরিচালক (প্রশাসন)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

ফোন-৯৫৮৬২১৩

তারিখঃ ১৬/০৭/২০১৯ খ্রিঃ


স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৯. ২২৯৮ (২০০)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা।
- ৪) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬) মহাপরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- ৭) যুগ্ম-সচিব (প্রশাসন-২), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/পউকা/সংগ্রহ/হিসাব ও অর্থ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

পাতা-২

- ৯) বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ১১) প্রধান মিলার, পোস্তুগোলা সরকারী আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ১২) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ১৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ১৫) সাইলো অধীক্ষক, নারায়নগঞ্জ/আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া/চট্টগ্রাম/সান্তাহার, বগুড়া/ষ্টীল সাইলো, খুলনা।
- ১৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
- ১৭) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ১৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.....
- ১৯) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- ২০) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (উক্ত বিজ্ঞপ্তিটি বহল প্রচলিত দুটি জাতীয় বাংলা দৈনিক পত্রিকা ও একটি জাতীয় ইংরেজী পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ২১) জনাব.....
-
-
-
- ২২) সংশ্লিষ্ট নথি।


 (মামুন আল মোর্শেদ চৌধুরী)
 উপ-পরিচালক (সংস্থাপন)
 ফোন-৯৫৬১২০৯
 ই-মেইলঃ dd.est@dgfood.gov.bd
